

যঈফ ও জাল হাদিস

হাদিস নাম্বারঃ ৪৬৫

১/ বিবিধ

আরবী

إن لغة إسماعيل كانت قد درست فأتاني بها جبريل فحفظتها
ضعيف

أخرجه الحاكم في " معرفة علوم الحديث " (ص 116) من طريق علي بن خشرم قال
حدثنا علي بن الحسين بن واقد قال: بلغني أن عمر بن الخطاب قال
يا رسول الله إنك أفصحنا ولم تخرج من بين أظهرنا؟ فقال له رسول الله صلى الله
عليه وسلم ... فذكره

قلت: وعلته الانقطاع بين علي بن الحسين وعمر، وقد وصله الحاكم وكذا الغطريف
في جزء له (ورقة 4 وجه 2 من مجموع 54 في ظاهرية دمشق) من طريق حامد (وفي
جزء الغطريف: حماد) بن أبي حمزة السكري قال حدثنا علي بن الحسين بن واقد قال
حدثنا أبي عن عبد الله بن بريدة عن أبيه عن عمر بن الخطاب به
قلت: وحامد هذا أو حماد لم أجد له ترجمة، ووالده أبو حمزة السكري مشهور ثقة
واسمه محمد بن ميمون ولم يذكروا في الرواة عنه ابنه هذا فالله أعلم
وقد أعله الحاكم بالرواية الأولى وهي أصح لأن علي بن خشرم ثقة معروف احتج به
مسلم

والحديث عزاه السيوطي في " الجامع الصغير " للغطريف وابن عساكر، ولم يتكلم
عليه الشارح المناوي بشيء وكأنه لم يقف على إسناده
ثم رأيت قال في شرحه الآخر " التيسير " قال ابن عساكر: غريب معلول

বাংলা

৪৬৫। ইসমাইলের ভাষা শিক্ষা গ্রহণ করেছিল। আমার নিকট জিবরীল তা নিয়ে আসেন, অতঃপর আমি তা হেফয করি।

হাদিসটি দুর্বল।

এটি হাকিম “মারিফাতু উলুমিল হাদীস” গ্রন্থে (পৃ. ১১৬) আলী ইবনু খাসরাম সূত্রে ‘আলী ইবনু হুসাইন হতে ... বর্ণনা করেছেন।

আমি (আলবানী) বলছিঃ এটির সমস্যা হচ্ছে সনদে বিচ্ছিন্নতা আলী ইবনু হুসাইন এবং উমার (রাঃ)-এর মধ্যে।

হাদীসটিকে হাকিম এবং অনুরূপভাবে গাতরীফ মওসূল হিসাবে তার “জুযউ” গ্রন্থে (পৃঃ ৪/২) হামেদ (এর স্থলে জুযউ গাতরীফ গ্রন্থেঃ হাম্মাদ এসেছে) ইবনু আবী হামযা সাকারীর সূত্রে ... উল্লেখ করেছেন।

আমি (আলবানী) বলছিঃ এ হামেদ অথবা হাম্মাদের জীবনী পাচ্ছি না। তার পিতা আবু হামযা প্রসিদ্ধ এবং নির্ভরযোগ্য। তার নাম মুহাম্মাদ ইবনু মায়মূন। তার জীবনী রচয়িতাগণ তার থেকে বর্ণনাকারী হিসাবে তার ছেলের নাম উল্লেখ করেননি।

ইবনু আসাকির বলেনঃ হাদীসটি গারীব রোগাক্রান্ত।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=68050>

📖 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন